

জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
১১০, মতিঝিল বা/এ, ঢাকা।
Website: www.janatabank-bd.com

জেনারেল ব্যাংকিং ডিপার্টমেন্ট
ফোন নং-৯৫৫০৮৭৩

নির্দেশ বিজ্ঞপ্তি নং-৭৮৪/১৭

তারিখ : ১৪ নভেম্বর ২০১৭ইং
৩০ কার্তিক ১৪২৪ বাং

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সার্বিসিডিয়ারী কোম্পানী।

**বিষয় :- গ্রাহকের মৃত্যুর পর নমিনিবিহীন আমানত হিসাবের স্থিতি উত্তরাধিকারী / উত্তরাধিকারীগণকে প্রদান
প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে প্রধান কার্যালয়ের নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর ২৬৬০, তারিখ : ১৬/১০/১৯৯৩, নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর
২৬৯২, তারিখ : ০১/০২/১৯৯৪ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হ'ল।

নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর ২৬৬০ তারিখ-১৬/১০/১৯৯৩ এ অপরাপর শর্তাবলী/নিয়মকানুন পরিপালন সাপেক্ষে
বিভাগীয়/ এরিয়া/ আওতালিক/ কর্পোরেট শাখা/ স্থানীয় কার্যালয়ের প্রধানগণ কর্তৃক নমিনিবিহীন আমানত হিসাবের
হিসাবধারীর মৃত্যুর পর মৃতের হিসাবে ১৫,০০০/- টাকা পর্যন্ত স্থিতি উপর্যুক্ত উত্তরাধিকারী / উত্তরাধিকারীগণকে
প্রদানের অনুমোদন দেওয়া হয়। নমিনিবিহীন আমানত হিসাবের হিসাবধারীর মৃত্যুর পর হিসাবের স্থিতি
১৫,০০০/- টাকার উর্ধ্বে হলে মাননীয় আদালত হতে সাক্ষেশন সার্টিফিকেট প্রয়োজন হত।

মাননীয় আদালত হতে সাক্ষেশন সার্টিফিকেট পেতে দীর্ঘ সময়ের প্রয়োজন হয়। এর ফলে নমিনিবিহীন আমানত
হিসাবের স্থিতি উত্তরাধিকারী/উত্তরাধিকারীগণকে প্রদানের ক্ষেত্রে বিবিধ জটিলতা সৃষ্টিসহ দীর্ঘসূত্রিতার সৃষ্টি হয়
এবং ব্যাংকের পক্ষে দ্রুত ও সুষ্ঠু গ্রাহকসেবা প্রদান করা সম্ভবপর হয় না।

দ্রুত ও সুষ্ঠু গ্রাহকসেবা প্রদানের লক্ষ্যে গত ২০/০৯/২০১৭ তারিখে অনুষ্ঠিত ব্যাংকের পরিচালনা পর্ষদের
৪৯০তম সভা আদালতের সাক্ষেশন সার্টিফিকেট ব্যতিরেকে নমিনিবিহীন মৃত গ্রাহকের হিসাবে ৫,০০,০০০/-
টাকা পর্যন্ত অংকের অর্থ উত্তরাধিকারীদের প্রদানের ক্ষমতা নিম্নোক্তভাবে গ্রেড বিভাজন অনুযায়ী নির্ধারণ
করেছেন :

ক	এসও/পিও (কেবলমাত্র শাখা প্রধান হিসেবে)	২০,০০০	টাকা
খ	এসপিও(শাখা প্রধান হিসেবে)	৩০,০০০	টাকা
গ	এজিএম (এরিয়া অফিস /কর্পোরেট শাখা /শাখা প্রধান হিসেবে)	৪০,০০০	টাকা
ঘ	ডিজিএম (এরিয়া প্রধান /শাখা প্রধান/ বিভাগীয় ইনচার্জ হিসেবে)	৫০,০০০	টাকা
ঙ	জিএম	১,০০,০০০	টাকা
চ	ডিএমডি	১,৫০,০০০	টাকা
ছ	সিইও এন্ড এমডি	৫,০০,০০০	টাকা

← →

পরবর্তী পাতা -০২

**বিষয় :- গ্রাহকের মৃত্যুর পর নমিনিবিহীন আমানত হিসাবের স্থিতি উত্তরাধিকারী / উত্তরাধিকারীগণকে
প্রদান প্রসঙ্গে।**

পূর্ব পৃষ্ঠার পরঃ-

গ্রাহকের মৃত্যুর পর নমিনিবিহীন আমানত হিসাবের স্থিতি প্রদানের ক্ষেত্রে নিম্নে বর্ণিত কাগজপত্র গ্রহন করতে হবেঃ-

- ০১) উত্তরাধিকারী / উত্তরাধিকারীগণের টাকা উত্তোলনের জন্য একক বা যৌথ আবেদনপত্র (পৌর কমিশনার/চেয়ারম্যান / ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে)।
- ০২) উত্তরাধিকারী / উত্তরাধিকারীগণের জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/ড্রাইভিং লাইসেন্স /এসএসসি পাসের সনদপত্র (সত্যায়িত কপি)।
- ০৩) আমানতকারীর মৃত্যু সম্পর্কে সিভিল সার্জন / সরকারী ডাক্তার /রেজিষ্টার্ড ডাক্তার কর্তৃক প্রত্যয়ন পত্র (ডেথ সার্টিফিকেট) গ্রহন করতে হবে।
- ০৪) পৌর সভার মেয়ার /সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান /ওয়ার্ড কমিশনারের উত্তরাধিকার সনদপত্র (উত্তরাধিকারীগণের সংগে মৃত ব্যক্তির সম্পর্ক, নাম, ঠিকানা ও বয়স সন্দর্ভে) গ্রহন করতে হবে।
- ০৫) উত্তরাধিকারীগণ প্রত্যেকে নিজ নিজ প্রাপ্য অংশ আলাদা ভাবে গ্রহন করতে পারবেন। এ ক্ষেত্রে প্রত্যেকের নিকট হতে প্রচলিত মূল্যের এ্যাডহেসিভ ষ্ট্যাম্পসহ পৃথক ইনডেমনিটি বন্ড গ্রহন করতে হবে।
- ০৬) উত্তরাধিকারীগণের পক্ষ হতে যে কোন একজন আমানত হিসাবের স্থিতি গ্রহনের ক্ষমতা অর্পন (আমমোক্তারনামা) সম্পর্কে প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট / নেটোরী পাবলিক এর নিকট হতে হলফনামা। এ ক্ষেত্রে শুধুমাত্র স্থিতি গ্রহনকারীর ইনডেমনিটি বন্ড গ্রহন করতে হবে।
- ০৭) ব্যাংকের কাছে গ্রহনযোগ্য দুইজন স্বাক্ষীর স্বাক্ষরসহ উপযুক্ত মূল্যের এ্যাডেসিভ ষ্ট্যাম্পে ইনডেমনিটি বন্ড গ্রহন করতে হবে।
- ০৮) জনতা ব্যাংক লিঃ এর সংশ্লিষ্ট শাখায় বা অন্য কোন শাখায় মৃত গ্রাহকের নামে কোন ঝণ নাই/ঝণ থাকলে তা পরিশোধে বাধ্য থাকবেন মর্মে ওয়ারিশদের নিকট হতে উপযুক্ত মূল্যের ষ্ট্যাম্পে অংগীকারপত্র গ্রহন করতে হবে।
- ০৯) উত্তরাধিকারী / উত্তরাধিকারীগণের আবেদনপত্র, চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত ওয়ারিশান সার্টিফিকেট এবং আদালত কর্তৃক প্রদত্ত সাকসেশন সার্টিফিকেট শাখা কর্তৃক সত্যতা যাচাই করতে হবে।
- ১০) ক্ষেত্রবিশেষে অপরাপর কাগজপত্র/দলিলাদি প্রয়োজন হলে নিতে হবে।

৫.০০ (পাঁচ) লক্ষ টাকার উর্ধ্ব স্থিতির জন্য উপরে বর্ণিত কাগজপত্রাদিসহ আদালত কর্তৃক প্রদত্ত সাকসেশন সার্টিফিকেট গ্রহণ করতে হবে।

সাকসেশন সার্টিফিকেট সহ উপরে বর্ণিত কাগজপত্রাদি গ্রহন করে যে কোন অংকের জন্য এরিয়া প্রধান/কর্পোঃ-১ শাখা প্রধান/জনতা ভবন কর্পোঃ শাখা প্রধান /লোকাল অফিসের প্রধান বিষয়টি নিষ্পত্তি করবেন।

৪৪ ৬৪

**বিষয় ৪- গ্রাহকের মৃত্যুর পর নমিনিবিহীন আমানত হিসাবের স্থিতি উত্তরাধিকারী / উত্তরাধিকারীগণকে প্রদান
প্রসঙ্গে।**


পূর্ব পৃষ্ঠার পরঃ-


নমিনিবিহীন মৃত গ্রাহকের আমানত হিসাবের অর্থ প্রদান সংক্রান্ত উল্লেখিত দলিলাদি/কাগজপত্রাদি শাখাকে যথাযথভাবে ডকুমেন্ট রেজিস্টারে লিপিবদ্ধপূর্বক সংরক্ষণ করতে হবে।

অত্র ব্যাংকের সকল নিয়মসমূহকে উপরোক্ত নিয়মাবলী পরিপালনপূর্বক গ্রাহকের মৃত্যুর পর নমিনিবিহীন আমানত হিসাবের স্থিতি মৃত গ্রাহকের উত্তরাধিকারী / উত্তরাধিকারীগণকে যথাশীল প্রদান করার পরামর্শ দেয়া হ'ল।

উক্ত নির্দেশনা বিজ্ঞপ্তি জারির তারিখ হতে কার্যকর হবে।

আপনার বিশ্বাস,


(মোঃ আবদুর রুফ)
উপ মহাব্যবস্থাপক


(মোঃ আহসানুল হক)
মহাব্যবস্থাপক